

মাননীয় উপমন্ত্রী



জনাব আরিফ খান জয় এর জীবন-বৃত্তান্ত

উপমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

নেত্রকোণা জেলার সদর ও বারহাট্টা উপজেলা নিয়ে গঠিত ১৫৮ নেত্রকোণা-২ আসনে বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক মনোনীত নির্বাচিত সংসদ সদস্য জনাব আরিফ খান জয় ১৯৭৪ সালের ১৫ জুন নেত্রকোণা জেলার নিউটাউনে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম আলহাজ্ব আবদুস সাত্তার খান পেশায় একজন ব্যবসায়ী ছিলেন। মাতা মরহুমা তমজিদা খানম একজন জাতীয় পুরস্কারপ্রাপ্ত (মরণোত্তর) শ্রেষ্ঠ নারী সংগঠক। জনাব আরিফ খান জয় নেত্রকোণা জেলার চন্দ্রনাথ উচ্চ বিদ্যালয় হতে এসএসসি, নেত্রকোণা সরকারী বিশ্ববিদ্যালয় কলেজ হতে এইচএসসি ও ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এমএ পাশ করেন।

জনাব আরিফ খান জয় মূলত একজন জাতীয় ফুটবলার। তিনি বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক। ১৯৯১ সালে নেত্রকোণা জেলার হয়ে শেরেবাংলা কাপ জাতীয় ফুটবলে অংশগ্রহণ করেন। ১৯৯২-১৯৯৩ সালে ঢাকা ১ম বিভাগ ফুটবলে, ১৯৯৩ সালে বাংলাদেশ জাতীয় ফুটবলে এবং ১৯৯৪ সালে যুব জাতীয় ফুটবল দলে তাঁর অভিশেক ঘটে। ২০০৫ সালে তিনি ঢাকা রিপোর্টার্স ইউনিটি কর্তৃক এবং ২০০৬ সালে বাংলাদেশ ক্রীড়া লেখক সমিতি কর্তৃক বর্ষসেরা খেলোয়াড় নির্বাচিত হন। ২০০৩ সালে দক্ষিণ এশিয়ান ফুটবল (সাফ) চ্যাম্পিয়নশীপে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের চ্যাম্পিয়নশীপ; দক্ষিণ এশিয়ার সেরা মিড ফিল্ডার এবং ৮ জাতি ফুটবল চ্যাম্পিয়নশীপে বাংলাদেশ ফুটবলের প্রথম খেলোয়াড় হিসেবে ম্যান অব দ্যা টুর্নামেন্ট নির্বাচিত হওয়া তাঁর খেলোয়াড় জীবনের বিশেষ অর্জন।

এছাড়া ১৯৯২ সালে ৭ম প্রেসিডেন্ট গোল্ডকাপে বাংলাদেশ জাতীয় সবুজ দলে অংশগ্রহণ এবং ২০০৩ সালে বাংলাদেশ দলের হয়ে মালদ্বীপের বিরুদ্ধে ৮৯ মিনিটে তাঁর একমাত্র গোলে ১৭ বছর পর মালদ্বীপকে পরাজিত করা তাঁর জীবনের স্মরণীয় ঘটনা।

বাংলাদেশ ফুটবল দলের হয়ে তিনি দক্ষিণ কোরিয়া, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, মালদ্বীপ, ভূটান, নেপাল, থাইল্যান্ড, মালয়েশিয়া, সিংগাপুর, হংকং, তুর্কেমিনিস্থান, কাজাগিস্থান, তাজিকিস্থান, উজবেকিস্থান, ইংল্যান্ড, আমেরিকাসহ প্রায় ৪০/৪৫টি দেশ ভ্রমণ করেছেন।

ছাত্রজীবন থেকেই জনাব আরিফ খান জয় রাজনীতিতে সক্রিয়। তিনি ১৯৯০ সালে জনতার মঞ্চ শহীদ মিনার প্রাপ্তন, নেত্রকোণায় গণ আন্দোলনের ফ্রন্ডপত্র পাঠক ছিলেন। তাছাড়া নেত্রকোণা কলেজ ছাত্র সংসদে (নেকসু) ১৯৯০ সালে ছাত্র মিলনায়তন সম্পাদক, ১৯৯১ সালে এজিএস, ১৯৯০-৯৫ সালে সহ-সম্পাদক, জেলা ছাত্রলীগ, নেত্রকোণায় দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সম্মানিত সদস্য।

জনাব আরিফ খান জয় বর্তমানে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর নির্বাচিত সহ-সভাপতি। তাছাড়া তিনি বাংলাদেশ পাইওনিয়র ফুটবল লীগ কমিটির চেয়ারম্যান, বাংলাদেশ ক্লাব কাপ চ্যাম্পিয়নশীপ ফুটবল কমিটির চেয়ারম্যান, বাংলাদেশ ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক, মিডফিল্ড সকার ক্লাবের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি বাংলাদেশ পাটকল কর্পোরেশনের পরিচালক পদেও নিযুক্ত ছিলেন। পারিবারিক জীবনে জনাব জয় এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।

জনগণের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন তথা বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং জননেত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার সংগ্রামে জনাব আরিফ খান জয় আত্মনিবেদিত। তিনি ২০১৪ সালের ৫ জানুয়ারী অনুষ্ঠিত দশম জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপমন্ত্রী হিসেবে নিযুক্ত হন।